



নেতানিয়াহুর পদত্যাগ দাবি করে ইসরায়েলে ব্যাপক বিক্ষোভ



সংগৃহীত ছবি

রোববার (১৮ জানুয়ারি) রাজধানী তেল আবিবের সড়কে হাজারো মানুষ সরকারবিরোধী বিক্ষোভে অংশ নেন। তারা প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর পদত্যাগ দাবি করে বিভিন্ন স্লোগান দেন।

বিক্ষোভের মূল কারণ গত ৭ অক্টোবর হামাসের হামলার স্বাধীন ও সুষ্ঠু তদন্তের দাবিতে রাষ্ট্রীয় কমিশন গঠনের দাবি। আন্দোলনকারীরা অভিযোগ করছেন, গাজায় সংঘটিত হামলার দায়ভার নেওয়া থেকে নেতানিয়াহু প্রশাসন সরে গেছে। এই অভিযোগের প্রেক্ষিতে তারা পোস্টার হাতে বিক্ষোভে নামে এবং সরকারের পদক্ষেপকে ব্যঙ্গাত্মক হিসেবে প্রকাশ করে।

বিক্ষোভকারীরা ইসরায়েলের পতাকা শরীরে জড়িয়ে এবং নেতানিয়াহুর ব্যঙ্গাত্মক মুখোশ পরে আন্দোলন করেন। এছাড়াও তারা হামাসের হাতে থাকা শেষ জিহ্বি ইসরায়েলিদের মরদেহ দ্রুত ফেরত দেয়ার দাবি জানান। বিশেষজ্ঞরা বলছেন, এই বিক্ষোভ চলমান রাজনৈতিক অস্থিরতারই প্রতিফলন, যেখানে জনগণ সরকারী ব্যর্থতার বিরুদ্ধে সরাসরি প্রতিক্রিয়া দেখাচ্ছে।

LENS ASIA